অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মনরো কাউন্টিতে প্যাকেজিং ইনোভেশন সেন্টারের কাজ শুরু করছে প্রোঅ্যামপ্যাক বলে ঘোষণা করেছেন

নেতৃস্থানীয় নমনীয় প্যাকেজিং প্রস্তুতকারক ভবনের 25,000-বর্গ ফুট সংযোজন অগডেন শহরের ফেসিলিটিতে; 40 জন নতুন কর্মচারী নিয়োগ করবে

কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক এই বিনিয়োগ

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নেতৃস্থানীয় নমনীয় প্যাকেজিং প্রস্তুতকারক প্রোঅ্যামপ্যাক (ProAmpac) একটি প্রকল্পের কাজ শুরু করেছে যা মনরো কাউন্টির অগডেন শহরে একটি অত্যাধুনিক উদ্ভাবনী কেন্দ্র স্থাপন করবে। কোম্পানিটি ম্যানিটু রোডে তার বিদ্যমান ফেসিলিটিতে 25,000 বর্গ ফুটের একটি সংযোজন নির্মাণ করছে। উদ্ভাবন কেন্দ্র প্যাকেজিং উন্নয়ন এবং নকশা উপর মনোযোগ প্রদান করবে এবং এছাড়াও অনুষ্ঠান এবং প্রশিক্ষণের জন্য আঞ্চলিক এবং বৈশ্বিক ভোক্তা প্যাকেজড পণ্য কোম্পানি এবং বিক্রেতাদের হোস্ট করবে। প্রোআম্প্যাক রাজ্যের বাইরে উদ্ভাবনী কেন্দ্র নির্মাণের কথা বিবেচনা করেছিল কিন্তু নিউ ইয়র্ক স্টেটের সমর্থনের কারণে তারা তাদের বর্তমান অবস্থানে সম্প্রসারণের সিদ্ধান্ত নেয়। সম্প্রসারণের ফলে, কোম্পানিটি 40 নতুন কর্মী নিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

"প্রোঅ্যামপ্যাকের সম্প্রসারণ আমাদের ভবিষ্যৎ-ধর্মী চিন্তাধারার অর্থনৈতিক কৌশলের একটি প্রকৃত প্রমাণ যা উদ্ভাবনকে উৎসাহিত করছে এবং আঞ্চলিক অর্থনীতিকে রূপান্তর করছে, ও শীর্ষ মানের কর্মসংস্থান সৃষ্টি করছে," **গভর্নর কুওমো বলেছেন।** "এই সফল কোম্পানির অব্যাহত প্রবৃদ্ধিকে উৎসাহিত করার মাধ্যমে আমরা অর্থনীতিকে শক্তিশালী করছি এবং মনরো কাউন্টি এবং রাজ্য জুড়ে ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করছি, আমাদের আরো ভালোভাবে পুনরায় গড়ে তোলার মিশন অব্যাহত রাখার সাথে।"

"নিউ ইয়র্ক স্থানীয় অর্থনীতির উন্নয়নের জন্য ও তাকে শক্তিশালী করতে ব্যবসা এবং প্রকল্পে বিনিয়োগ অব্যাহত রাখতে এবং সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "প্রোআম্প্যাকের নতুন প্যাকেজিং ইনোভেশন সেন্টার মনরো কাউন্টি এলাকায় কোম্পানির কার্যক্রম সম্প্রসারিত করবে এবং 40টি নতুন কর্মসংস্থান যোগ করবে। নমনীয় প্যাকেজিং এর একটি

বৈশ্বিক নির্মাতা হিসেবে, প্রোআম্প্যাক রোচেস্টারে প্রযুক্তি উদ্ভাবনের প্রবৃদ্ধিকে এগিয়ে নিয়ে যাচ্ছে এবং মহামারীর পরবর্তী ভবিষ্যতে আরো ভালো ভাবে গড়ে তোলার জন্য নতুন সুযোগ সৃষ্টি করছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট এবং মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার "মনরো কাউন্টিতে তার কার্যক্রম সম্প্রসারণে প্রোআম্প্যাকের অব্যাহত অঙ্গীকার স্থানীয় উৎপাদন খাতকে চাঙ্গা করতে, কর্মসংস্থান প্রদান করতে এবং আগামী প্রজন্মের জন্য আরো টেকসই সম্প্রদায় গড়ে তুলতে সাহায্য করে আঞ্চলিক অর্থনীতিকে শক্তিশালী করবে।"

গিল সি. কিনিওনেস, NYPA এর প্রেসিডেন্ট ও সিইও, বলেছেন, "প্রোআম্প্যাকের এই সম্প্রসারণ প্রকল্প ফিঙ্গার লেক অঞ্চলের জন্য একটি দারুণ খবর। গভর্নর কুওমোর রিচার্জ NY (ReCharge NY) প্রোগ্রাম নিউ ইয়র্ক জুড়ে উদ্যোক্তাদের জন্য একটি বিশাল সুবিধা, যা সারা রাজ্য জুড়ে লক্ষ লক্ষ কর্মসংস্থানকে সমর্থন করার সাথে সাথে চাহিদা সম্পন্ন ব্যবসাগুলিকে কম খরচে বিদ্যুৎ সরবরাহ করে।"

প্রোঅ্যামপ্যাক মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডা জুড়ে 27 অবস্থানে নমনীয় প্যাকেজিং একটি নেতৃস্থানীয় প্রস্তুতকারক। বৈশ্বিক নমনীয় প্যাকেজিং কোম্পানিটি উন্নত প্রযুক্তি ত্বরান্বিত করতে এবং বাজারজাত করার গতি বৃদ্ধি করতে, প্যাকেজ কাস্টমাইজেশন এবং ভোক্তা পার্থক্য বাড়াতে ব্র্যান্ড মালিক এবং প্যাকেজিং বিশেষজ্ঞদের একত্রিত করে। কোম্পানিটি খাদ্য এবং পানীয়, স্বাস্থ্য এবং সৌন্দর্য, লন এবং বাগান, পোষা প্রাণী, খুচরা এবং নিরাপদ প্যাকেজিং শিল্পে গ্রাহকদের জন্য উদ্ভাবনী এবং টেকসই প্যাকিং নির্মাণ করে।

প্রোঅ্যামপ্যাকের প্রধান নির্বাহী কর্মকর্তা গ্রেগ টাকার বলেন, "আঞ্চলিক অর্থনীতিতে কর্মসংস্থান যোগ করার বাইরে, আমাদের অঙ্গীকার দুটি অতিরিক্ত কারণে গুরুত্বপূর্ণ। প্রথমে সহযোগিতা এবং উদ্ভাবন কেন্দ্র (Collaboration & Innovation Center) পণ্য উন্নয়নে নতুন ধারণা ত্বরান্বিত করবে। উদ্ভাবন ক্রমবর্ধমান বৈশ্বিক প্যাকেজিং শিল্পের দ্রুততম ক্রমবর্ধমান অংশ নমনীয় প্যাকেজিং তৈরির প্রধান উপাদান, যা 2021 সালের মধ্যে 1 ট্রিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে যাবে বলে পূর্বাভাস করা হয়েছে। প্রোআম্প্যাক টেকসই প্যাকেজিং উন্নয়নে নমনীয় প্যাকেজিং শিল্পের নেতৃত্ব দেয় যা আজকের ভোক্তারা যা চায় এবং ব্র্যান্ড নেতাদের প্রয়োজন। দ্বিতীয়ত, মুদ্রণ, নকশা, এবং উন্নত উপাদান নমনীয়-প্যাকেজিং উদ্ভাবনের মৌলিক হওয়ায়, প্রোআম্প্যাকের CIC ফটোগ্রাফি, ইমেজিং এবং প্রযুক্তিতে রোচেস্টার এলাকার শিল্প ঐতিহ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) প্রোআম্প্যাকের উদ্ভাবনী প্রকল্পকে 1.35 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত মূলধন অনুদানের মাধ্যমে এবং কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে এক্সেলসিয়র জবস প্রোগ্রামের (Excelsior Jobs Program) মাধ্যমে সহায়তা করছে। নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA), যা ইতিমধ্যেই রিচার্জ NY প্রোগ্রামের মাধ্যমে 140 কিলোওয়াট কম খরচের বিদ্যুৎ সরবরাহ করছে সংস্থাটিকে তাদের বিদ্যমান কাজগুলি বজায় রাখতে, তারা অতিরিক্ত 40 কিলোওয়াট অতিরিক্ত RNY বিদ্যুৎ

বরাদ্দের মাধ্যমে সম্প্রসারণ প্রকল্পকে সমর্থন করছে। মনরো কাউন্টি এবং গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজও (Greater Rochester Enterprise, GRE) এই প্রকল্পে সহযোগিতা করেছে। প্রোআম্প্যাক আশা করছে যে প্রায় ৪ মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি 2021 সালের জুন মাসের মধ্যে সম্পন্ন হবে।

স্টেট সিনেটর রব অর্ট বলেন, "প্রোঅ্যামপ্যাক তার নতুন 25,000 বর্গ ফুট সম্প্রসারণ যোগ করে আমাদের সম্প্রদায়ের প্রতি একটি অঙ্গীকার প্রদর্শন করেছে এবং উৎপাদনের ক্ষেত্রে উদ্ভাবনের প্রতি অঙ্গীকার প্রদর্শন করেছে যা ব্যবসায়ী সম্প্রদায়ের সবাইকে উৎসাহিত করবে। এই নতুন কেন্দ্রের নির্মাণ আমাদের স্থানীয় অর্থনীতিকে উত্তেজিত করতে সাহায্য করবে এবং তাতে একটি তরঙ্গের প্রভাব ফেলবে যা আমাদের পুরো অঞ্চলে ইতিবাচক প্রভাব ফেলবে। তার বর্তমান ফেসিলিটি সম্প্রসারণের মাধ্যমে, প্রোঅ্যামপ্যাক শুধুমাত্র কোম্পানিকে তার লক্ষ্য পূরণে সাহায্য করার জন্য আমাদের স্থানীয় কর্মীদের উপর আস্থা রাখেনি, বরং আমাদের সম্প্রদায়ের বাসিন্দাদের মধ্যে পুনরায় বিনিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে।"

রাজ্যের অ্যাসেম্বলিম্যান, পিটার লরেন্স বলেন,, "আমাদের সম্প্রদায়ে তার কার্যক্রম সম্প্রসারণের জন্য প্রোঅ্যামপ্যাকের অঙ্গীকার প্রমাণ করে যে আমাদের অঞ্চলে এই অত্যন্ত প্রতিযোগিতামূলক শিল্পক্ষেত্রে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য পরিকাঠামো এবং দক্ষ কর্মশক্তি উপলব্ধ রয়েছে। এই কঠিন সময়ে, আমি আনন্দিত যে প্রোঅ্যামপ্যাক 40 জন নতুন কর্মীদের নিয়োগ করবে এবং আমাদের এলাকায় অত্যন্ত প্রয়োজনীয় চাকরিগুলি নিয়ে আসবে।"

মনরো কাউন্টির ক্লার্ক এডাম বেল্লো বলেন, "আমি আনন্দিত যে প্রোঅ্যামপ্যাক তাদের মনরো কাউন্টি ক্রিয়াকলাপ সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছে, যা আমাদের অঞ্চলের অত্যন্ত দক্ষ কর্মশক্তি, উদ্ভাবনী চিন্তা এবং প্রিন্টিং এবং উন্নত উৎপাদনে নেতৃত্ব প্রদান করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট থেকে এই বিনিয়োগ এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) সমর্থন একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের এক দুর্দান্ত উদাহরণ যা আমাদের স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করে তুলবে এবং আমাদের অঞ্চলে কর্মসংস্থান বৃদ্ধিকে উৎসাহিত করবে।"

গ্রেটার রোচেস্টার এন্টারপ্রাইজের (Greater Rochester Enterprise) প্রেসিডেন্ট ও সিইও ম্যাট হার্লবাট বলেন, "আমরা আনন্দিত যে প্রোঅ্যামপ্যাক, নমনীয় প্যাকেজিংএর এক নেতৃস্থানীয় নির্মাতা, গ্রেটার রোচেস্টার, নিউ ইয়র্ক অঞ্চলে একটি উদ্ভাবনী কেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত নিয়েছে, যা আমাদের সম্প্রদায়ের ব্যাপক প্যাকেজিং দক্ষতা এবং বিশ্বমানের গবেষণা ও উন্নয়নের (R&D) সম্পদকে কাজে লাগাবে,"

প্রোঅ্যামপ্যাক সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য এখানে ক্লিক করুন।

ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে

2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই ৪.07 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে – ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্প এই বিনিয়োগের অন্তর্ভুক্ত।

বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে – এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে ৪,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন